



# বেঁচে থাকার স্বপ্নপূরণে সহায়তা করুন

মাত্র ১৯ বছর বয়সেই ব্লাড ক্যান্সারে জীবন প্রদীপ নিভে যেতে বসেছে মুক্তিযোদ্ধা পিতার একমাত্র পুত্র রুবেল রহমানের। সিরাজগঞ্জ সরকারী কলেজের বিজ্ঞান বিভাগের মেধাবী ছাত্র রুবেলের লেখাপড়ার পাশাপাশি সংগীতেও প্রতিভা রয়েছে।

কিন্তু ২০০৮ সালের এইচ.এস.সি পরীক্ষা চলাকালীন অসুস্থ হয়ে পড়লে রুবেলের রক্তে এ্যাকিউট মাইলয়েড লিউকেমিয়া বা এক ধরনের ব্লাড ক্যান্সার ধরা পড়ে। চিকিৎসা চলে বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে। অনেকটা সুস্থ হয়ে উঠে তখন। কিন্তু বছর না ঘুরতেই আবার ফিরে আসে রোগটা। রুবেলের জীবন বাঁচাতে এখন প্রয়োজন ব্যয়বহুল অস্থিমজ্জা প্রতিস্থাপন (Bone marrow transplant)। তাকে নিয়ে যেতে হবে ভারতের ভেলোরের সি.এম.সি হাসপাতালে। এই চিকিৎসা ব্যয় বাংলাদেশী মুদ্রায় অন্তত ৩০ থেকে ৪০ লক্ষ টাকা। অসচ্ছল মুক্তিযোদ্ধা জনাব জেল হকের পরিবারের পক্ষে এই দীর্ঘমেয়াদী দুরারোগ্য ব্যাধির চিকিৎসার বিপুল ব্যয়ভার বহন করা সম্ভব নয়।

হৃদয়বান ও সহমর্মী ব্যক্তি বা মানবহিতৈষী কল্যাণমূলক প্রতিষ্ঠানকে রুবেলের জীবন বাঁচাতে সহযোগিতার জন্য অতি দ্রুত এগিয়ে আসার অনুরোধ জানানো হচ্ছে।

বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালের স্বনামধন্য অধ্যাপক মনজুর মোরশেদের অধীনে রুবেল চিকিৎসাধীন। তিনি আগামী ৩ সপ্তাহের মধ্যে Bone marrow transplant -এর জন্য রুবেলকে বিদেশে যেতে পরামর্শ দিয়েছেন।

রুবেলের চিকিৎসা তহবিল গঠনের উদ্দেশ্যে 'ক্যান্সারের সাথে কথোপকথন' শিরোনামে একটি প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়েছে। এই প্রামাণ্যচিত্রটির VCD-র বিনিময় মূল্য ধরা হয়েছে ১০০০ টাকা।

**VCD সংগ্রহের মাধ্যমে কিংবা অন্য যে কোন ভাবে রুবেলকে সহযোগিতার জন্য যোগাযোগ করুন-**

জিওনিউ- বাড়ি নং- ১১৩/এ, মনিপুরীপাড়া, তেঁজগাও, ঢাকা।

ফোন: ০২-৮১৪৩০৪৯, ০১৭২১ ২৫৬৫৯০ (পিতা), ০১৭১১ ১২৫৩৪১ (ভগ্নিপতি)

আর্থিক সহায়তার জন্য:

মো: জেল হক

সঞ্চয়ী হিসাব নং- ১৫৪৭৭-০, পূবালী ব্যাংক লিঃ, শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা।